

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.২৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিষয়: ২০২০-২০২১ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া স্থগিত করা ও কারণ দর্শানো প্রসঙ্গে
সূত্র: পুরাতন ই-ফাইলের আইডি নং ২১২৪২, তারিখ ০৪-০১-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন চুকনগর কলেজ এর নিকট এ বোর্ডের ৯৪,০০০/- টাকা বকেয়া পাওনা পরিশোধ করার জন্য পত্র দেয়ার পরেও দীর্ঘদিন যাবত পরিশোধ না করে বোর্ড কর্তৃপক্ষের নির্দেশনার প্রতি চরম উদাসীনতা প্রকাশ করা হয়েছে। অধিকন্তু, ২০১৬ সালে কলেজের একাডেমিক স্বীকৃতির মেয়াদ শেষ হলেও পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করার কোনও আবেদন করা হয়নি।

এমতাবস্থায়, এ বোর্ডের বকেয়া পাওনা পরিশোধ না করায় এবং ২০১৬ সাল হতে একাডেমিক স্বীকৃতি নবায়ন না করে স্বীকৃতিবিহীনভাবে কলেজ কলেজ পরিচালনা করায় আপনার কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তি কার্যক্রম নির্দেশক্রমে স্থগিত করা হলো।

২। দীর্ঘদিন স্বীকৃতি নবায়ন না করায় কেন উপর্যুক্ত কলেজের স্বীকৃতি এবং পাঠদানের অনুমতি চূড়ান্তভাবে বাতিল করা হবে না, ১০ (দশ) দিনের মধ্যে তার সন্তোষজনক কারণ দর্শানোর জন্য বলা হলো।



৩০-৭-২০২০

কে এম রস্বানী
কলেজ পরিদর্শক

অধ্যক্ষ, চুকনগর কলেজ
ডুমুরিয়া, জেলা-খুলনা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.২৪/১(৪)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৪) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৩০-৭-২০২০

কে এম রস্বানী
কলেজ পরিদর্শক